

## যুব প্রশিক্ষণ

### প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ

যুব প্রশিক্ষণ পেতে হলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে সরাসরি যোগাযোগ করতে হবে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী থেকে এইচ,এস,সি পাশ হতে হবে(বিভিন্ন ট্রেডের ক্ষেত্রে) সকল প্রশিক্ষনে ভর্তির ক্ষেত্রে বয়স ১৮-৩৫ বছর হতে হবে। প্রশিক্ষনে ভর্তির আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট অথবা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যাবে। ভর্তির আবেদনের সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা দুই কপি পাসপোর্ট আকারের ছবি সংযুক্ত করতে হবে। ভর্তির জন্য মনোনিত যুব ও যুব মহিলা ভর্তির সময় ট্রেড ওয়ারি ভর্তি ফি জমা প্রদান করতে হবে। সকল প্রশিক্ষনের শেষে সনদপত্র প্রদান করা হয়।

### অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ

উপজেলা পর্যায়ে ৭দিন,১৪দিন ও ২১দিন মেয়াদী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহন করার জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী পাশ হতে হবে। সকল প্রশিক্ষনে ভর্তির ক্ষেত্রে বয়স ১৮-৩৫ বছর হতে হবে। প্রশিক্ষনে ভর্তির আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট অথবা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যাবে। ভর্তির আবেদনের সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা দুই কপি পাসপোর্ট আকারের ছবি সংযুক্ত করতে হবে। ভর্তির জন্য মনোনিত যুব ও যুব মহিলা ভর্তির সময় কোন ভর্তি ফি জমা প্রদান করতে হবে না। প্রশিক্ষনের জন্য সকল উপজেলায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে। সকল প্রশিক্ষনের শেষে সনদপত্র প্রদান করা হয়।

### যুব ঋণ পেতে হলে

যুব উন্নয়ন অধিদপ্তর এর যে কোন ট্রেড হতে প্রশিক্ষণ গ্রহন করতে হবে। প্রশিক্ষণ গ্রহন করার তিন বছরের মধ্যে প্রকল্প স্থাপনের মাধ্যমে ঋণ গ্রহন করা যাবে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষনের ক্ষেত্রে ৫০,০০০ টাকা থেকে ১,০০,০০০টাকা ঋণ পাওয়া যায়। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষনের ক্ষেত্রে ৩০,০০০ টাকা থেকে ৫০,০০০টাকা ঋণ পাওয়া যায়। সকল ঋণের আবেদন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনের পরে উপজেলা কার্যালয় হতে প্রকল্প পরিদর্শন করে সন্তোষজনক হলে ১০ টাকার বিনিময়ে ফরম সংগ্রহ করে যথাযথ ভাবে পূরন করে সংশ্লিষ্ট কাগজপত্র সহ জমা প্রদান করতে হবে। সকল ঋণ গ্রহীতার ব্যাংক হিসাব নম্বরের মাধ্যমে প্রদান করা হয়। সকল ঋণ গ্রহীতাকে ঋণ পরিশোধ সাপেক্ষে তিনবার যুব প্রদান করা হয়ে থাকে।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে যোগাযোগের জন্য মোবাইল নম্বর

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,সদর-০১৭০৯৩৩০৪৭৪

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কালকিনি-০১৭০৯৩৩০৪৭১

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,রাজৈর-০১৭০৯৩৩০৪৭৩

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,শিবচর-০১৭০৯৩৩০৪৭২